তারিখ ... 26 AUG 2015 ...
পৃষ্ঠা ...... কলাম ... 2 ...

যুগান্তর

# চবিতে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ : আহত ১২

চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলের সিট দখলকে কেন্দ্র করে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে চবি ছাত্রলীগের সাবেক সংস্কৃতিবিষয়ক সম্পাদক জমির উদ্দিনসহ ১২ জন আহত হয়েছেন। আহতদের বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। মঙ্গলবার বিকালে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সভাপতি আলমগীর টিপু ও সাধারণ সম্পাদক ফজলে রাব্বী সুজনের নেতাকর্মীদের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সোহরাওয়ার্দী হলে সভাপতি টিপু গ্রুপের নেতাকর্মীরা উঠতে চাইলে সুজন গ্রুপের কর্মীরা গত কয়েকদিন ধরেই বাধা দিয়ে আসছিল। এ ঘটনার পর মঙ্গলবার বিকালে টিপু গ্রুপের নেতাকর্মীরা আবারও হলে উঠতে গেলে সুজন গ্রুপের কর্মীরা তাদের বাধা দেয়। এতে কথা কাটাকাটির এক পর্যায়ে উভয় গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়। এ সময় উভয় গ্রুপ দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে পরস্পরের ওপর ঝাঁপিয়ে পড়ে। সিনিয়র নেতারা ঘটনা নিয়ন্ত্রণে আনতে গেলে পাথরের আঘাতে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতা জমির উদ্দিন ও ইমাদ আহমেদ সাহিল আহত হন। জমির ও সাহিলের আহত হওয়ার খবর ছড়িয়ে পড়লে টিপু গ্রুপের কর্মীরা সুজন গ্রুপের কর্মীদের ধাওয়া করে। এতে তারা আমানত হলে অবস্থান নেন। এ সময় উভয় গ্রুপ ইটপাটকেল ও পাথর ছুড়লে ইকবাল টিপু, সাইদ, ইমরান, আরাফাত হোসাইন, মুমিন, রাকিব, তানভীর তপু, নাজমুল, রিমন আহত হন। আহতদের বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ টিয়ারশেল ও রাবার বুলেট নিক্ষেপ করে। সন্ধ্যা ৭টায় এ সংবাদ লেখা পর্যন্ত টিপু গ্রুপের নেতাকর্মীরা শাহজালাল হলে ও শাহ আমানত হলে সুজন গ্রুপের নেতাকর্মীরা অবস্থান করছে।